দৈনিক সংবাদ

২২/১০/২০০১

তারিখ ... পৃঃ ৭ কলাম ৬

## বিভিন্ন স্থানে বিএনপি ক্যাডারদের হামলা, প্রতিমা ভাঙচুর

# আওয়ামী সমর্থক শিক্ষকদের স্কুল কলেজে আসতে দেয়া হচ্ছে না

**নিজস্ব বার্তা পরিবেশক ঃ** সংখ্যালঘু ও আওয়ামী লীগ কর্মীদের ওপর হামলা অব্যাহত রয়েছে। ভোলায় আওয়ামী লীগের ৩ জন নেতা-কর্মীকে পিটিয়ে আহত করেছে বিএনপির সন্ত্রাসীরা। কুলিয়ারচরে দুর্গা প্রতিমা ভাঙচুর করা হয়েছে রাতের আঁধারে। নাটোরের বেশকিছু গ্রামের সংখ্যালঘু ও আওয়ামী লীগ কর্মীরা বাড়িঘর ছেড়ে পালিয়ে গেছে। বাড়িঘরে ফিরে আসার জন্য বিএনপির সন্ত্রাসীরা তাদের কাছে ১৫ লাখ টাকা চাঁদা দাবি করেছে বলে জানা গেছে। তাছাড়া বেশকিছু কলেজ ও স্কুলের আওয়ামী লীগ সমর্থক শিক্ষকদের চাকরিতে আসতে দেয়া হচ্ছে না। এক সাংবাদিক সম্মেলনে বিএনপি সন্ত্রাসী ও প্রশাসনের বিরুদ্ধে এ ধরনের আরো অনেক অভিযোগ করেছেন নাটোরের পরাজিত তিন আওয়ামী লীগ দলীয় সংসদ সদস্য প্রার্থী।

**ভোলা থেকে নিজস্ব সংবাদদাতা ঃ** ভোলার বাংলাবাজারে শনিবার দুপুরে বিএনপির ক্যাডাররা স্থানীয় দু'আ'লীগ নেতাকে বেদম মারধর করে আহত করে। এরা হচ্ছেন উত্তর জয়নগর ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি ও সাংগঠনিক সম্পাদক আ. রাজ্জাক ও মো. আজিজুল হক।

গত ১৮ই অক্টোবর আলীনগর ইউনিয়নের কতিপয় বিএনপি ক্যাডার ভোলা সদর থানা আওয়ামী লীগের অন্যতম নেতা ও জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি তছির আহাম্মদকে মারধর করে তার মোবাইল ফোন, ঘড়ি ও ব্রিফকেস ছিনিয়ে নিয়ে যায়। তছির আহাম্মদ ওইদিনই ঢাকা থেকে ভোলা আসেন। আলীনগরে তার বাড়িতে যাওয়ার পথে তিনি বিএনপি ক্যাডারদের হাতে প্রহৃত হন।

**কুলিয়ারচর (কিশোরগঞ্জ) থেকে সংবাদদাতা ঃ** গত রাতে কুলিয়ারচর বাজারের কালীবাড়িতে দুর্গা প্রতিমার মাথা (নির্মাণাধীন) কে বা কারা ভাঙচুর করে।

কুলিয়ারচর পূজা উদ্‌যাপন কমিটির সভাপতি ও সেক্রেটারি অনিল চন্দ্র ঘোষ ও সুব্রত দাস স্থানীয় প্রশাসনকে তা জানালে সাথে সাথে জেলা প্রশাসক মাহফুজুর রহমান, পুলিশ সুপার বিনয় কৃষ্ণ বালা, ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা আলাউদ্দিন ঘটনাস্থল পরিদর্শন করেন এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সাথে মতবিনিময় করেন।

**নাটোর থেকে নিজস্ব সংবাদদাতা ঃ** গুরুদাসপুর উপজেলার দাউদিয়া, চরকাদহ, তালবাড়িয়া, খাকড়াদহ, ধারাবাড়িষা, সিধুলী, সোনাবাজু, চলনালী, পাঁচশিখা, লালপুরের রামকৃষ্ণপুর, হাসিমপুরের আওয়ামী লীগের কর্মী-সমর্থক ও সংখ্যালঘু পরিবারের প্রায় এক হাজার লোক বাড়িঘর ছেড়ে বড়াইগ্রাম থানার জোনাইলে ও আত্মীয়-স্বজনের কাছে আশ্রয় নিয়েছে।

ধারাবাড়িষা গ্রামের ভ্যানচালক আমজাদের ১১ বছরের কন্যাকে সন্ত্রাসীরা ধর্ষণের চেষ্টা করে। বাধা দেয়ায় আমজাদকে মারপিট করে গুরুতর জখম **হামলা-ভাঙচুর ঃ** পৃঃ ২ কঃ ৭

### হামলা-ভাঙচুর ঃ ক্যাডারদের

( ১ম পৃষ্ঠার পর )

করে। হাসপাতালেও হামলা চালায়। বর্তমানে আমজাদ স্ত্রী-পুত্র-কন্যা নিয়ে দ্বারিকুশী শ্বশুরবাড়িতে আছে। মসিন্দা মাঝপাড়ার মজনুর বাড়ি ও কাছিকাটার আবদুর রাজ্জাকের বিশ্বরোডের মোড়ে মুদি দোকানে অগ্নিসংযোগ করা হয়েছে।

**পাবনা থেকে নিজস্ব বার্তা পরিবেশক ঃ** পাবনা শহরের ডিপিইউ মন্দিরের নির্মাণাধীন দুর্গা প্রতিমার অংশবিশেষ কে বা কারা ভেঙে ফেলেছে। পুলিশ ওই ঘটনার সাথে জড়িত সন্দেহে জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক শহীদুল হাসান মিলন, ক্রীড়া সম্পাদক নূর-এ-আলম ও মোজাম্মেল হককে গ্রেফতার করেছে। এই ঘটনায় জনমনে মিশ্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে।

শনিবার সন্ধ্যায় জেলা আওয়ামী লীগ নিজস্ব কার্যালয়ে জেলার বিভিন্ন স্থানে আওয়ামী লীগ নেতা-কর্মীর ওপর চারদলীয় জোটের নির্যাতন, পুলিশের রহস্যজনক ভূমিকার প্রতিবাদে এবং ষড়যন্ত্রমূলকভাবে আটককৃত ছাত্রলীগ নেতাদের মুক্তির দাবিতে এক সংবাদ সম্মেলন করে। সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগ নেত্রী সাবেক এমপি জান্নাতুল ফেরদৌস, সাধারণ সম্পাদক রেজাউর রহিম লাল, পৌরসভা চেয়ারম্যান মোশাররফ হোসেন প্রমুখ। অন্যদিকে ডিপিইউ মন্দিরের সভাপতি সুবল কুমার কর্মকার ও সাধারণ সম্পাদক গোপাল রায় সইকৃত এক বিবৃতিতে জানান, গ্রেফতারকৃত তিন ছাত্রলীগ নেতা মন্দিরে মূর্তি ভাঙার ঘটনার সাথে জড়িত নয়।